# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা- দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২৭৮

সময় —— ২ ঘণ্টা ১০ মিনিট  সৃজনশীল প্রশ্ন  পূর্ণমান —— ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶"দি স্টার গার্মেন্টস" এর ব্যবস্থাপনা পরিচালক আরিফ হোসেন তাঁর কর্মীদের সঠিকভাবে কাজ বুঝিয়ে দেন। ফলে উৎপাদনশীলতা কিছুটা বৃদ্ধি পায়। কিন্তু প্রতিষ্ঠানের কর্মীদের প্রত্যাশিত সুযোগ-সুবিধা না থাকায় তাদের দ্বারা প্রত্যাশিত উৎপাদন সম্ভব হয় না। তাই তিনি এ বিষয়টি নিয়ে ইতিবাচক চিন্তাভাবনা করছেন।

ক. প্রতিষ্ঠানের মূল চালিকাশক্তি কী? ১

খ. কর্মীসংস্থান বলতে কি বুঝায়? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানের আরিফ হোসেন প্রথমে ব্যবস্থাপনা প্রক্রিয়ার কোন পদ্ধতি অবলম্বন করে উৎপাদনশীলতা বৃদ্ধি করার চেষ্টা করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রত্যাশিত উৎপাদনমান নিশ্চিত করতে হলে আরিফ হোসেনকে তাঁর করণীয় সম্পর্কে তুমি কী পরামর্শ দেবে? তোমার মতামতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

২.▶একটি প্রতিষ্ঠিত মোবাইল কোম্পানি বাজারে ক্রেতা আকর্ষণের মাধ্যমে প্রতিযোগিতার শীর্ষে অবস্থান করছিল। এজন্য প্রতিষ্ঠানটি কলরেট ও ইন্টারনেটের সুবিধার নতুন প্যাকেজ চালু করার পরিকল্পনা প্রণয়ন করে। পাঁচ মাস পর দেখা গেল প্রতিযোগীদের সংখ্যা বেড়েছে এবং বাজারে নতুন অফার আসছে। ফলে উক্ত কোম্পানি পরিকল্পনার কিছুটা পরিবর্তন এনে কার্যক্রম শুরু করে সফল হয়।

ক. পরিকল্পনার প্রথম পদক্ষেপ/ধাপ কোনটি? ১

খ. ব্যবস্থাপনা চক্র বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকের কোম্পানির গৃহিত পরিকল্পনাটি কোন ধরনের পরিকল্পনার অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের কোম্পানিটির পরিকল্পনায় উত্তম পরিকল্পনার যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে তা কী? বিশ্লেষণ কর। ৪

৩.▶ জনাব রহমান "গোল্ড ফুড কোম্পানির" উৎপাদন ও বিক্রয় বিভাগের ব্যবস্থাপক। শুরু থেকে তিনি একাই দুটি বিভাগের সর্বময় দায়িত্ব পালন করে আসছিলেন। কিন্তু পরবর্তীতে প্রতিষ্ঠানের পণ্যের চাহিদা বৃদ্ধির কারণে তিনি কর্মভারগ্রস্ত হয়ে পড়েন। এমতাবস্থায় জনাব রহমান কোম্পানির বিষয়টি বুঝতে পেরে উর্ধ্বতন কর্তৃপক্ষকে তা অবহিত করেন। উর্ধ্বতন কর্তৃপক্ষ তাকে উৎপাদন বিভাগের দায়িত্বে রেখে, বিক্রয় বিভাগের জন্য আরেকজন ব্যবস্থাপক নিয়োগ দেন।

ক. সংগঠন কী? ১

খ. জোড়ামই শিকলনীতি বলতে কী বুঝায়? ২

http://teachingbd.com

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানে প্রথমে গড়ে ওঠা সংগঠন কাঠামোটি কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে পরবর্তীতে উর্ধ্বতন কর্তৃপক্ষ যে সংগঠন কাঠামো গড়ে তুলেছেন সেটি কোন ধরনের সংগঠন? তোমার মতের স্বপক্ষে যুক্তি ব্যাখ্যা কর। ৪

৪.▶ "স্টার টেক্সটাইল মিলস্ লি." পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে ১০০ জন অদক্ষকর্মী নিয়োগ দেয়। নতুন নিয়োগকৃত কর্মীদের বিভিন্ন বিভাগের সুপারভাইজারদের অধীনে ভাগ করে দেন। সুপারভাইজারদের নতুন কর্মীদের স্ব স্ব কাজ হাতে নাতে শিখিয়ে দেন।

ক. পদোন্নতি কী? ১
খ. উপ-প্রকোষ্ঠ প্রশিক্ষণ বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকের "স্টার টেক্সটাইল মিলস লিঃ" কোন মৌলিক উৎস থেকে কর্মী সংগ্রহ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠান নতুন কর্মীদের কোন পদ্ধতিতে প্রশিক্ষণ দিয়েছে? তা কী সঠিক ছিল? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৫.▶ 'সানরাইজ-লি.' একটি বৃহদায়তন উৎপাদনমুখী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি বিদেশে তাদের উৎপাদিত পণ্য রপ্তানি করে। এ প্রতিষ্ঠানে প্রায় ৫,০০০ কর্মী কাজ করে। প্রতিষ্ঠানটির ব্যবস্থাপক মনে করেন কর্তৃপক্ষের অধিক সহানুভূতিশীলতার সুযোগে কর্মীরা অলস হয়ে পড়েছে এবং বেশ কিছু কর্মী কাজ এড়িয়ে চলার কারণে প্রতিষ্ঠানের উৎপাদন ক্ষমতা হ্রাস পেয়েছে। এমতাবস্থায় তিনি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে কর্মীদের কাছ থেকে কাজ আদায় করতে চান এবং এখন থেকে কোন পরিকল্পনা প্রণয়ন বা সিদ্ধান্ত গ্রহণের সুযোগ থেকে কর্মীদের বঞ্চিত করতে চান।

ক. নেতৃত্ব কী? ১
খ. পরামর্শমূলক নির্দেশনা বলতে কি বুঝ? ২
গ. উদ্দীপকের 'সানরাইজ লি.' বর্তমানে কোন ধরনের নেতৃত্ব প্রদান করতে যাচ্ছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানে উৎপাদন বৃদ্ধির জন্য কোন ধরনের নেতৃত্ব অধিক যৌক্তিক বলে তুমি মনে কর? যুক্তিসহ তোমার মতামত বর্ণনা কর। ৪

৬.▶ মধ্যবিত্ত পরিবারের সন্তান রাহাত চৌধুরী ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এমবিএ পাস করার পরপরই একটি বহুজাতিক কোম্পানিতে যোগদান করেন। তিনি তার কর্মক্ষেত্রে বাজেট তৈরি ও পরিকল্পনা প্রণয়নের সাথে সংশ্লিষ্ট এবং গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। হঠাৎ করে তার স্ত্রী জটিল রোগে আক্রান্ত হলে তিনি মানসিকভাবে ভেঙ্গে পড়েন এবং পূর্বের ন্যায় দক্ষতা সহকারে কাজ করতে পারছেন না। এদিকে বিশেষজ্ঞ ডাক্তার রাহাত চৌধুরীর স্ত্রীকে ব্যয়বহুল চিকিৎসার জন্য বিদেশে প্রেরণের ব্যবস্থাপত্র দিয়েছেন।

ক. X ও Y তত্ত্বের প্রবক্তা কে? ১
খ. মাসলোর চাহিদা সোপান তত্ত্বটি চিত্রের সাহায্যে দেখাও। ২
গ. উদ্দীপকের জনাব রাহাত চৌধুরী বহুজাতিক কোম্পানিটির ব্যবস্থাপনার কোন স্তরে কর্মরত? ব্যাখ্যা কর। ৩

Teachingbd.com
http://teachingbd.com

ঘ. জনাব রাহাতকে প্রতিষ্ঠানে পূর্বের ন্যায় দক্ষতা সহকারে কাজে ফিরিয়ে আনার জন্য কোন ধরনের প্রেষণা দেয়া প্রয়োজন? তোমার উত্তরের পক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

৭.▶ বিদেশি উৎপাদকের দেশীয় এজেন্ট হিসাবে মি. রিয়াদ অনেকদিন যাবৎ কাজ করছেন। সকালে অফিসে এসেই ম্যানেজারকে ডেকে পাঠান। কী মাল বন্দর থেকে গুদামে এসে পৌছেছে। শিপমেন্ট পর্যায়ে কী রয়েছে এসব বিষয় জেনে নেন। বিভিন্ন স্থানে ডিলারদের সাথে ফোনে কথা বলেন। বিক্রয়ের অবস্থা জেনে নেন এবং উৎসাহিত করেন। ডিলাররা মালের কোন অর্ডার দিলে তা তিনি টেলিফোনে গ্রহণ করেন না। তাদের স্বাক্ষরযুক্ত ফরমায়েশ পাঠাতে বলেন। মাল পাঠানোর পর সেগুলো সযত্নে সংরক্ষণ করে রাখেন।

ক. ফলাবর্তন কী? ১

খ. কৌণিক যোগাযোগ বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকের মি. রিয়াদ অফিসে এসে কোন ধরনের যোগাযোগ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে মালের ফরমায়েশের ক্ষেত্রে মি. রিয়াদ কোন পদ্ধতিতে যোগাযোগ করেন এবং তার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৮.▶ "ঈগল টেক্সটাইলস মিলস লি." মাসে ৩০ হাজার মিটার কাপড় উৎপাদনের লক্ষ্য মাত্রা নির্ধারণ করে। প্রথম ১০ দিনে ১২ হাজার মিটার কাপড় উৎপাদন করা গেলেও ৩০ দিন শেষে দেখা গেল ২৯ হাজার মিটার কাপড় উৎপন্ন হয়েছে। এ ব্যর্থতা কাটিয়ে উঠতে ব্যবস্থাপক ভবিষ্যতে প্রতিষ্ঠানটির সকল বিভাগের কাজের মধ্যে সমতা রাখার ব্যাপারে বিশেষভাবে চিন্তা ভাবনা করছে।

ক. সমন্বয় কী? ১

খ. কাম্য তত্ত্বাবধান পরিসর বলতে কী বুঝায়? ২

গ. কোন নীতির অবর্তমানে উদ্দীপকের প্রতিষ্ঠানটি উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. ভবিষ্যতে প্রত্যাশিত ফলাফল অর্জনে উক্ত প্রতিষ্ঠানকে তুমি কোন নীতি অনুসরণে পরামর্শ দেবে? তোমার উত্তরের স্বপক্ষে ব্যাখ্যা কর। ৪

৯.▶ জনাব মাজেদ একটি গার্মেন্টিস প্রতিষ্ঠানের মালিক। তিনি তার প্রতিষ্ঠানকে লাভজনক প্রতিষ্ঠান হিসেবে পরিণত করার জন্য আগামী ১ মাসে ১,৫০,০০০ পিস টি-শার্ট বিক্রির লক্ষ্যমাত্রা নির্ধারণ করেন। কিন্তু উক্ত সময়ে ১,৪০,০০০ পিস টি-শার্ট বিক্রয় হয়। ভবিষ্যতের কথা ভেবে তিনি এ অবস্থা থেকে উত্তরণের উপায় ভাবছেন।

ক. বাজেটীয় নিয়ন্ত্রণ কী? ১

খ. নিয়ন্ত্রণের ব্যাপ্তি প্রতিষ্ঠানের কতদূর পর্যন্ত পরিব্যাপ্ত? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে নিয়ন্ত্রণের কোন প্রক্রিয়া/ কৌশলের মাধ্যমে জনাব মাজেদ তাঁর প্রতিষ্ঠানের লাভজনক বিক্রয় লক্ষ্যমাত্রা নির্ধারণ করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের জনাব মাজেদ নিয়ন্ত্রণের কোন পদক্ষেপ অনুসরণের মাধ্যমে বিক্রয় বৃদ্ধি করতে পারেন। এ ব্যাপারে তোমার মতামত ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা- দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড: ২ ৭ ৮

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. লক্ষ্যার্জনের পথে গৃহীত ধারাবাহিক কার্যাবলীকে বলে—
ক) পদ্ধতি খ) প্রক্রিয়া
গ) কৌশল ঘ) নীতি

২. জোড়া-মই শিকল নীতি নিম্নোক্ত কোন বিষয়ের সাথে সম্পৃক্ত?
ক) সংগঠন কাঠামো খ) কর্তৃত্ব অর্পণ
গ) ভারসাম্য রক্ষা ঘ) কর্তৃত্ব প্রবাহ

৩. ইতিবাচক প্রেষণার ফলে বৃদ্ধি পায়—
i. উৎপাদনশীলতা ii. শ্রম-ঘূর্ণায়মান্যতা
iii. মনোবল
নিচের কোন সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।
আলী সাহেব একটি ক্ষুদ্র ব্যবসায় প্রতিষ্ঠানের মালিক। তিনি সকল কাজের পূর্বে পরিকল্পনা গ্রহণ করেন। তিনি এমনভাবে পরিকল্পনা গ্রহণ করেন, যেন এটি বারবার ব্যবহার করা যায়।

৪. আলী সাহেব কোন ধরনের পরিকল্পনা গ্রহণ করেন?
ক) একার্থক খ) স্বল্প-মেয়াদি
গ) মধ্যম মেয়াদি ঘ) স্থায়ী

৫. আলী সাহেব পরিকল্পনাটি গ্রহণের ফলে—
i. প্রতিষ্ঠানের ব্যয় হ্রাস পাবে
ii. কাজ নমনীয় হবে iii. কর্মদক্ষতা বৃদ্ধি পাবে
নিচের কোন সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. ব্যবস্থাপনা সদা সর্বদা—
ক) আত্মকেন্দ্রিক খ) ব্যবসায় কেন্দ্রিক
গ) কর্মকেন্দ্রিক ঘ) লক্ষ্য কেন্দ্রিক

উদ্দীপকটি পড়ো এবং ৭ নং প্রশ্নের উত্তর দাও।
মিঃ রহমান একটি গার্মেন্টসের মালিক। তিনি তাঁর প্রতিষ্ঠানে নিজেই সিদ্ধান্ত গ্রহণ করেন, নির্দেশ প্রদান এবং বাস্তবায়ন তদারকী করেন। কর্মীরা সবসময় ভীত সন্ত্রস্থ থাকে।

৭. মিঃ রহমানের প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্ব বিদ্যমান?
ক) স্বৈরতান্ত্রিক খ) পিতৃসুলভ
গ) লাগামহীন ঘ) গণতান্ত্রিক

৮. কোনটি প্রেষণাদানের আর্থিক উপাদান?
ক) কাজের নিরাপত্তা খ) উত্তম কর্মপরিবেশ
গ) চিকিৎসাভাতা ঘ) কাজের প্রশংসা

৯. আর্থিক পরিকল্পনা কিসের ভিত্তিতে হয়?
ক) সংগঠন কাঠামো খ) মেয়াদ
গ) নীতি ঘ) পরিবেশ

১০. প্রত্যেক কর্মীর জন্য দায়িত্ব ও কর্তৃত্ব সর্বাধিক সুস্পষ্ট থাকে কোন সংগঠনে?
ক) কার্যভিত্তিক খ) কমিটি
গ) মেট্রিক্স ঘ) সরল রৈখিক

১১. কাজের প্রতি আগ্রহ যাচাইয়ের জন্য কোন পরীক্ষা উপযুক্ত?
ক) ব্যক্তিত্ব খ) বুদ্ধিমত্তা
গ) সাফল্য ঘ) প্রবণতা

১২. কোনটি আধুনিক সংগঠন কাঠামো?
ক) সরলরৈখিক খ) কার্যভিত্তিক
গ) মেট্রিক্স
ঘ) সরল রৈখিক ও পদস্থকর্মী

১৩. নিয়ন্ত্রণ প্রক্রিয়ার প্রথম ধাপ কী?
ক) কার্যফল পরিমাপ করা
খ) আদর্শমান মান প্রতিষ্ঠা
গ) সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ
ঘ) ত্রুটি চিহ্নিতকরণ

উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ প্রশ্নের উত্তর দাও।
গার্মেন্টস মালিক রহিম সাহেব তাঁর প্রতিষ্ঠানের উৎপাদন কার্যাবলী সম্পর্কে বেশ মনোযোগী। তার অন্যান্য কাজ থাকা সত্ত্বেও প্রতিদিনই তিনি তাঁর প্রতিষ্ঠানটি পরিদর্শনে আসেন এবং ভারপ্রাপ্ত ব্যবস্থাপকের নিকট থেকে কার্যের বিবরণী সম্পর্কে ধারণা নেন।

১৪. রহিম সাহেবের এ কাজকে কী বলা যায়?
ক) নিয়ন্ত্রণ প্রক্রিয়া খ) নিয়ন্ত্রণের পর্যবেক্ষণ
গ) নিয়ন্ত্রণের কৌশল ঘ) নিয়ন্ত্রণের বৈশিষ্ট্য

১৫. তিনি তাঁর কাজের মধ্য দিয়ে যে বিষয় সম্পর্কে অবগত হন তা হলো—
i. উৎপাদনের পরিমাণ ii. কর্মীদের কাজের মান
iii. কর্মীদের কাজের গতি
নিচের কোন সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬. প্রতিষ্ঠান সমন্বয়ের জন্য মৌলিক মাধ্যমে হিসেবে কাজ করে কোনটি?
ক) পরিকল্পনা খ) প্রেষণা
গ) সিদ্ধান্ত গ্রহণ ঘ) যোগাযোগ

১৭. নিচের কোনটি সমন্বয়ের নীতি?
ক) ভারসাম্যহীনতা খ) নির্দেশনার ঐক্য
গ) উদ্দেশ্যের ঐক্য ঘ) উদ্যোগ

১৮. মৌলিক যোগাযোগের প্রতিবন্ধকতা হলো—
i. গোপনীয়তা প্রকাশ ii. আইনগত ভিত্তিহীনতা
iii. ভুল বোঝাবুঝির সম্ভবনা
নিচের কোন সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯. নিয়ন্ত্রণের আধুনিক পদ্ধতি হলো—
ক) পার্ট খ) বাজেট
গ) কার্যনিরীক্ষণ ঘ) ব্যক্তিগত পর্যবেক্ষণ

উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও।
করিম ABC কোম্পানীর একজন পিয়ন। প্রতিষ্ঠানের দুইজন নির্বাহী একই সময়ে একাধিক নির্দেশ তাকে প্রদান করে। এতে তার পক্ষে দায়িত্ব পালন অসম্ভব হয়ে পড়ে। প্রায়শই এরূপ পরিস্থিতির সৃষ্টি হয়। বিষয়টি প্রশাসনকে অবহিত করা হয়েছে।

২০. ABC প্রতিষ্ঠানে ব্যবস্থাপনার কোন নীতিটি লঙ্ঘিত হয়েছে?
ক) নির্দেশনার ঐক্য খ) নিয়মানুবর্তিতা
গ) আদেশের ঐক্য ঘ) শ্রম বিভাজন

২১. উক্ত পরিস্থিতি উত্তরণে প্রতিষ্ঠানের করণীয়
i. প্রথম ব্যক্তির আদেশ পালনের নির্দেশ দেয়া
ii. একাধিক পিয়ন নিয়োগ করা
iii. ব্যবস্থাপনার নিয়মনীতি মেনে চলা
নিচের কোন সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) iii ঘ) i, ii ও iii

http://teachingbd.com

২২. **কর্মী সংগ্রহের প্রথম কাজ কোনটি?**
ⓚ বিজ্ঞাপন প্রদান
ⓚ বিভাগীয় রিকুইজিশন সংগ্রহ
ⓖ উৎস নির্ধারণ ⓖ আবেদনপত্র সংগ্রহ

২৩. **প্রতিষ্ঠানের নির্ধারিত নিয়ম মেনে যে নেতৃত্ব পরিচালিত হয় তা হলো —**
ক স্বৈরতান্ত্রিক খ গণতান্ত্রিক
গ আনুষ্ঠানিক ঘ অনানুষ্ঠানিক

**উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও।**
রূপসী ফ্যাশনের ব্যবস্থাপক নোটিশের মাধ্যমে কর্মীদের মে দিবসের ছুটির ঘোষণা দিলেন।

২৪. **উদ্দীপকে বর্ণিত কাজটি কোন ধরনের যোগাযোগের অন্তর্ভুক্ত?**
ক মৌখিক খ অনানুষ্ঠানিক
গ সমান্তরাল ঘ আনুষ্ঠানিক

২৫. **কর্মী সংগ্রহের উদ্দেশ্য কী?**
ক প্রতিষ্ঠানে কর্মী নিয়োগ
খ কর্মীদের দক্ষতা যাচাই
গ যোগ্য কর্মী খুঁজে বের করা
ঘ বিভিন্ন উপকরণের সমন্বয়

২৬. **কোনটি নির্দেশনার ঐক্য?**
ক একক আদেশ খ একক কার্য কার্যপদ্ধতি
গ একক নীতি ঘ একক উদ্দেশ্য

২৭. **একার্থক পরিকল্পনার আওতাভুক্ত—**
i. কর্মসূচি
ii. প্রকল্প
iii. লক্ষ্য
**নিচের কোন সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. **কোন ধরনের সংগঠনের সদস্যগণ আলাপ আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করে?**
ক মেট্রিক্স খ সরল রৈখিক
গ কমিটি ঘ কার্যভিত্তিক

২৯. **নিচের কোনটি আদর্শ নেতার গুণাবলী বহির্ভূত?**
ক অতি উৎসাহ খ দৃঢ় মনোবল
গ আন্তরিকতা ঘ ঝুঁকি গ্রহণের মানসিকতা

**উদ্দীপকটি পড়ো এবং ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব রবি একটি শিল্প কারখানার ব্যবস্থাপক। তাঁর মতে কারখানার উৎপাদন ক্ষমতা কর্মচারীদের ইচ্ছার উপর নির্ভরশীল। মানুষকে পরিচালনার জন্য তার মানসিক অবস্থা বা আচরণের পরিবর্তন দরকার; যা একমাত্র প্রেষণার মাধ্যম করা সম্ভব।

৩০. **প্রেষণা কোন ধরনের প্রক্রিয়া?**
ক শারীরিক প্রক্রিয়া খ মনস্তাত্ত্বিক প্রক্রিয়া
গ ব্যবহারিক প্রক্রিয়া ঘ প্রয়োগিক প্রক্রিয়া

৩১. **কাকে ঘিরে প্রেষণার মূল বিষয়বস্তু আবর্তিত হয়?**
i. মানুষের ব্যবহার ii. মানুষের অভাব
iii. মানুষের প্রয়োজন
**নিচের কোন সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩২. **নিচের কোনটি সমন্বয়ের কাজকে সহজ করতে পারে?**
ক অধিক ব্যয় খ শৃঙ্খলা
গ সঠিক নির্দেশনা ঘ উত্তম যোগাযোগ

৩৩. **ব্যক্তিগত পর্যবেক্ষণ পদ্ধতিতে ব্যবস্থাপক**
i. কর্মীদের কাজ তদারকি
ii. শ্রমিক ছাঁটাই করা
iii. ত্রুটি বিচ্যুতি নির্ণয় করা
**নিচের কোন সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৪. **দ্রুত সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কোন ধরনের সংগঠন উপযোগী?**
ক সরল রৈখিক খ কার্যভিত্তিক
গ কমিটি ঘ মেট্রিক্স

**উদ্দীপকটি পড়ো এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও।**
একটি প্রতিষ্ঠানের মুখ্য নির্বাহী কর্মকর্তা জনাব আজমল জানতে পারলেন উৎপাদন বিভাগের একটি মেশিন বিকল হয়ে গেছে। তিনি ৩ দিনের মধ্যে তা চালু করার জন্য ব্যবস্থা নেয়ার নির্দেশ দেন।

৩৫. **জনাব আজমলের গৃহিত পদক্ষেপটি কোন প্রক্রিয়া?**
ক পরিকল্পনা খ সমন্বয়
গ নিয়ন্ত্রণ ঘ প্রেষণা

৩৬. **জনাব আজমলের তড়িৎ ব্যবস্থা গ্রহণের কারণ হলো—**
i. উৎপাদন ব্যয় হ্রাস করা
ii. উৎপাদনের স্বাভাবিক গতি অব্যাহত রাখা
iii. মুনাফা অর্জনের পরিমাণ স্বাভাবিক রাখা
**নিচের কোন সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৩৭ নং প্রশ্নের উত্তর দাও।**
রবি জরুরি ভিত্তিতে একটি তথ্য পাঠানোর জন্য ফ্যাক্স অপারেটরের কাছে যায়। ফ্যাক্স অপারেটর ভুল করে ভুল নাম্বারে ডায়াল করায় তথ্যটি অন্যত্র চলে যায়।

৩৭. **ভুল নম্বরে ডায়াল করায় রবি কোন ধরনের সমস্যার সম্মুখীন হয়?**
ক তথ্যটি হারিয়ে যায়
খ তথ্যটি ফাঁস হয়ে যায়
গ তথ্যটি পাঠাতে অনেক সময় লাগে
ঘ তথ্যটি পাঠানোর ব্যয় বেড়ে যায়

৩৮. **কার্যকর ব্যবস্থাপনার দ্বারা উন্নয়ন ঘটে কোনটির?**
ক কর্মসংস্থানের খ দক্ষতার
গ জনশক্তির ঘ মূলধনের

৩৯. **ম্যাট্রিক্স সংগঠন কাঠামো যে ধরনের বিভাগীয় করনের সমন্বয়ে গড়ে উঠে তাহলো—**
i. দ্রব্যভিত্তিক
ii. মূল্য ভিত্তিক
iii. কার্যভিত্তিক
**নিচের কোন সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৪০. **প্রকৃত কার্যফল আদর্শমানের তুলনায় বেশি হলে কোনটি করা উচিৎ?**
ক আদর্শমান বাতিল
খ ফলাফল পুনঃপরিমাপ
গ আদর্শমান পুনঃপরিমাপ
ঘ আদর্শমান পুনঃনির্ধারণ

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | খ | ৪ | গ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | গ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | গ |
| ২১ | গ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | খ | ৩১ | গ | ৩২ | ঘ | ৩৩ | খ | ৩৪ | ক | ৩৫ | গ | ৩৬ | গ | ৩৭ | খ | ৩৮ | ঘ | ৩৯ | খ | ৪০ | ঘ |